# কমপিউটার জগতের খবর

## এশিয়া ও ইউরোপে হোম-পিসি বিক্রির পরিমাণ আমেরিকাকে ছাড়িয়ে যাচ্ছে

*(আমেরিকা প্রতিনিধি)*

অভাবিত মূল্যহ্রাস ইন্টারনেটে সংযোগ সুবিধা, শিক্ষা ও বিনোদনমূলক সিডি টাইটেল এবং মাতৃভাষায় বিবিধ সফটওয়্যার সহজলভ্য হওয়ায় এ বছর থেকেই এশিয়া ও ইউরোপে হোম পিসি বিক্রির পরিমাণ আমেরিকাকে ছাড়িয়ে যাচ্ছে। এ তথ্য জানিয়ে নিউইয়র্কভিত্তিক বাজার গবেষণা প্রতিষ্ঠান লিংক ইন্টার ন্যাশনাল সম্প্রতি বলেছে হোম-পিসি বিক্রির বৃদ্ধির হার এশিয়া ও ইউরোপে যে হারে বাড়ছে তাতে আগামী ২০০০ সালে সেখানে আমেরিকার তুলনায় বিক্রির পরিমাণ দ্বিগুণ বেড়ে যাবে।

কমপিউটার প্রস্তুতকারীরাও আশা করছে আগামীতে এতদাঞ্চলে হোম-পিসি বিক্রি খুব বেড়ে যাবে। তাই কম্প্যাক ও আইবিএমসহ বড় বড় প্রায় সব প্রতিষ্ঠান এখন তাদের বিক্রির প্রচারণা ও কৌশল নিয়ে এদিকে দৃষ্টি ফেরাচ্ছে।

শীর্ষ স্থানীয় পিসি নির্মাতা কম্প্যাক জানিয়েছে আমেরিকার বাইরে তাদের প্রেসারিও পিসি বিক্রির হার বৃদ্ধি পেয়েছে ৩৫%। গত বছর এই হার ছিল ২০%।

তাইওয়ানের এসার বলেছে আমেরিকার বাইরে তাদের হোম পিসি বিক্রি এবছর ২০% থেকে বেড়ে আগামী বছর ৪০%-এ দাঁড়াবে।

লিংক জানিয়েছে এ বছর ইউরোপ ও এশিয়ায় ২২০০ কোটি ডলার মূল্যের ১ কোটি ৫ লক্ষ হোম-পিসি বিক্রি হবে। অপরদিকে আমেরিকায় বিক্রি হবে ১৬০০ কোটি ডলার মূল্যের ৯৫ লক্ষ পিসি। পরিবহন ও শুল্কের কারণে অন্যান্য দেশে পিসির দাম আমেরিকার তুলনায় গড়ে ১৫% বেশি। লিংক-এর হিসাব মতে ২০০০ সাল নাগাদ এশিয়া ও ইউরোপে হোম-পিসি বিক্রি দাঁড়াবে ২ কোটি ৫০ লক্ষ ইউনিটে যার মূল্য হবে ৪৮০০ কোটি ডলার। অপরদিকে আমেরিকায় হোম পিসি বিক্রি হবে ২৭০০ কোটি ডলার মূল্যের ১ কোটি ৬০ লক্ষ ইউনিট।

অপর একটি বাজার গবেষণা প্রতিষ্ঠান ডাটাকোয়েস্টের মতে এশীয় অঞ্চলে ১৯৯৪ সালের পিসি বিক্রির পরিমাণ ৬২ লক্ষ থেকে বেড়ে ১৯৯৯ সালে ১ কোটি ৮৫ লক্ষ ইউনিটে দাঁড়াবে। কম্প্যাক এ বছর এই অঞ্চলে ১০০ কোটি ডলারের বেশি পিসি বিক্রির আশা করছে। এ বছরই প্রথম এশিয়ায় ব্যবসায়ে ব্যবহৃত পিসির তুলনায় হোম-পিসি বিক্রি বেশি হবে বলে বাজার গবেষকগণ জানিয়েছেন।

এশিয়ায় বিক্রি বাড়াতে ব্যাপকভাবে জনগণের নিকট পিসি পৌঁছানোর জন্য এসার, কম্প্যাক এবং আইবিএম-এর মত প্রতিষ্ঠানগুলো ইলেক্ট্রনিক বা ডিপার্টমেন্টাল স্টোরের মারফতও পিসি বিক্রির পরিকল্পনা গ্রহণ করেছে। তারা এখন পিসিকে জনগণের জন্যই মনে করেন। ❑

## রস পেরোর রাজনৈতিক দল

আমেরিকার রাজনীতিতে নতুন একটি দল আত্মপ্রকাশ করতে যাচ্ছে। দলের নাম 'ইনডিপেনডেন্স পার্টি'। দুটি কারণে এটি অত্যন্ত গুরুত্বপূর্ণ সংবাদ।

প্রথমতঃ আমেরিকার রাজনীতির ইতিহাসে এই প্রথম তৃতীয় একটি রাজনৈতিক দল ডেমোক্র্যাট ও রিপাবলিকানদের সঙ্গে নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করতে যাচ্ছে।

দ্বিতীয়তঃ কারণটি হলো দলটি গঠন করেছেন রস পেরো। হঠাৎ করে অংশগ্রহণ করে ১৯৯২-এর নির্বাচনে স্বতন্ত্র প্রার্থী হিসেবেই তিনি ১৯ শতাংশ ভোট পেয়েছিলেন। কিন্তু তার সবচেয়ে বড় পরিচয় তিনি একজন কমপিউটার প্রেমী মানুষ। গত নির্বাচনে তিনি নির্বাচনী প্রচারাভিযানে কমপিউটার তথা তথ্য প্রযুক্তির ব্যবহার ঘটিয়েছিলেন অত্যন্ত সফলভাবে।

টেক্সাসের বিলিওনিয়ার শিল্পপতি রস পেরোর বিশাল সাম্রাজ্যের পুরো প্রক্রিয়াটিতে কমপিউটার নেটওয়ার্কের বিস্তৃত ভুবন রয়েছে। তিনি আধুনিক মানুষ। বিশ্বাস করেন এ যুগে সফলতা শুধু তারাই পেতে পারে যারা যত ভালভাবে কমপিউটারের ব্যবহার ঘটাতে পারে। এ অর্থে ১৯৯৬ সালে মার্কিন প্রেসিডেন্ট নির্বাচন তথ্য প্রযুক্তি ব্যবহারের ব্যাপকতায় এক ভিন্ন মাত্রা পাবে বলে আশা করা যায়। ❑

## Dell-এর পেন্টিয়ামভিত্তিক নতুন ডেস্কটপ পিসি

ডেল কোম্পানী 3 Com Ethernet নেটওয়ার্কে প্রবেশের সুবিধা এবং সিস্টেম ব্যবস্থাপনার সফটওয়্যার ইনস্পেকটর সমৃদ্ধ Optiplex G নামের পেন্টিয়ামভিত্তিক নতুন ডেস্কটপ পিসির এক সারি মডেল বাজারে ছেড়েছে। ৭৫ মেগাহার্টজ গতির GL575 পেন্টিয়ামের এ মেশিনগুলোতে থাকছে ৮ মেগাবাইট র‍্যাম, ৩৬৫ মেগাবাইট হার্ডডিস্ক ড্রাইভ, ১০ মেগাবিপিএস ডাটা হস্তান্তরযোগ্য 3 Com ইথার লিংক, ১৫ ইঞ্চি রঙ্গীন SVGA মনিটর, উইন্ডোজ ৩.১১ এবং মাউস। দাম ১,৮৩৮ ডলার। ❑

## ১২০০ x ১২০০ ডিপিআই লেসার প্রিন্টার

ডিটিপিতে যুগান্তকারী পদক্ষেপে প্রবেশ করছে হংকং-এর লেক্সমার্ক ইন্টারন্যাশনাল কোম্পানীর Optra সিরিজের ব্যাপক নেটওয়ার্কে কর্মক্ষম ১২০০ × ১২০০ ডিপিআই লেসার প্রিন্টার। এটি প্রচলিত ৬০০ ডিপিআই-এর তুলনায় চারগুণ সুক্ষতায় ও তীক্ষ্ণতায় আলোক চিত্রের মতোই গ্রাফিক্স, টেক্সট প্রিন্টিং সরবরাহ করে। Optra সিরিজের পাঁচটি মডেল এসেছে। এর মধ্যে দুটো একক ব্যবহারকারীদের জন্য অন্য তিনটি নেটওয়ার্কে ব্যবহারযোগ্য। ❑

## পিসি বিক্রিতে কম্প্যাক এখনও শীর্ষে

১৯৯৪ সালের প্রথম কোয়ার্টার থেকে কম্প্যাক পিসি বিক্রিতে শীর্ষ অবস্থানে রয়েছে। সম্প্রতি আমেরিকার গবেষণা সংস্থা ডাটাকোয়েস্ট ইনক জানিয়েছে এ বছরে ২য় কোয়ার্টারেও কম্প্যাক পিসি বিক্রিতে সবার উপরে রয়েছে। পরবর্তী স্থানগুলোতে রয়েছে যথাক্রমে আইবিএম, এপল, এনইসি, প্যাকার্ড বেল এবং এইচপি। এই কোয়ার্টারে কম্প্যাকের বিক্রি ছিল ১৪ লক্ষ ৫০ হাজার ইউনিট যা আইবিএম-এর বিক্রির চেয়ে ৪ লক্ষ ইউনিট বেশি। ❑

## এইচপি'র কম দামের নতুন ইঙ্কজেট প্রিন্টার

হিউলেট প্যাকার্ড সম্প্রতি সাধারণ ভোক্তাদের জন্য স্বল্প মূল্যের নতুন ডেস্ক জেট ৪০০ প্রিন্টার বাজারে ছেড়েছে। ইউরোপের বাজারে UKP 239 মডেলের এই প্রিন্টারটি এ বছর এলো, আগামী বছরের প্রথম দিকে বিশ্ব বাজারে প্রবেশের প্রাক্কালে পরীক্ষামূলকভাবে। ❑

## ভারতে জনগণের জন্যে ইন্টারনেট

ভারতের সাধারণ জনগণ এবার নামমাত্র পয়সা খরচ করে বহুল আলোচিত ইন্টারনেটে প্রবেশের সুবিধা পাবে। বোম্বেভিত্তিক বিদেশ সঞ্চার নির্গাম লিমিটেড (ভিএসএনএল), NDOT এবং এমটিএনএল-এর সাথে যৌথ উদ্যোগে 'দি গেটওয়ে ইন্টারনেট একসেস সার্ভিস' নামে ইন্টারনেট সার্ভিস চালু করেছে। ভারতীয় ডিজিটাল ইকুইপমেন্ট কোম্পানী সরবরাহকৃত থ্রি-প্রসেসর আলফা সার্ভার বসানো হয়েছে বোম্বেতে। যা ৬৪ কিলো বিপিএস উচ্চগতির ডেকিটেটেড লাইন দিয়ে আমেরিকার এমসিআই-এর মাধ্যমে ইন্টারনেটের সাথে যুক্ত করবে ব্যবহারকারীদেরকে। এই লাইনটিকে পর্যায়ক্রমে ২ মেগাবিপিএস গতিতে উন্নীত করা যাবে। এত দিন ভারতের ন্যাশনাল ইনফরমেটিক্স সেন্টার এনআইসি এবং ইআরনেট (শিক্ষা-গবেষণা নেট) ইন্টারনেটে প্রবেশের সুবিধা দিয়ে আসছিলো। কিন্তু, তা সাধারণ জনগণের জন্যে উন্মুক্ত ছিলো না।

এখন সাধারণ্যের জন্যে বিপুলায়তন ডাটা, ভিডিও বা গ্রাফিক্স, কণ্ঠস্বর বিনিময়ের, বিশ্বব্যাপী ছড়িয়ে থাকা ডাটাবেস, প্রতিষ্ঠান ইত্যাদির সাথে সংযোগের এবং তথ্য আদান-প্রদানের সুবিধা নামমাত্র অর্থব্যয়ে সহজপ্রাপ্য হয়ে পড়বে ভিএসএনএল এজন্যে দেশব্যাপী নেটওয়ার্ক প্রতিষ্ঠা করেছে চারটি ভূ-গর্ভস্থ লাইনের মাধ্যমে। গ্রাহকরা টেলিফোন লাইন কিংবা লীজড লাইন কিংবা আই-নেট লাইন দিয়ে ডায়ালিং করে ভিএসএনএল নেটওয়ার্কে তথা ইন্টারনেটে প্রবেশ করতে পারবে। এ সার্ভিস বাঙ্গালোর ও পুনাতেও খুব শীঘ্রই সম্প্রসারিত হচ্ছে। ভারতের অন্যান্য শহর থেকে আই-নেট এর মাধ্যমে সংযোগ স্থাপন করা যাবে। এ সুবিধা গ্রহণের জন্য নির্ধারিত ব্যয়ভার বা ট্যারিফ নীচের ছকে দেখানো হলো।

### ভিএসএনএল ইন্টারনেট সার্ভিস


| ট্যারিফ (লাখ রুপী) | ২.৪ কে বিপিএস | ৯.৬ কে বিপিএস | ৬৪ কেবিপিএস | ১২৮ কেবিপিএস |
|---|---|---|---|---|
| বাণিজ্যিক - লীজড লাইন | ১.৫ | ৬.০ | ১৫.০ | ২৫.০ |
| EOU'র জন্য লীজড লাইন | ৪.৮ | – | ১২.০ | ২০.০ |
| শিক্ষা/গবেষণা প্রতিষ্ঠান | - | ২.৪ | ৬.০ | ১০.০ |

| ট্যারিফ (রুপী) | ব্যক্তিগত | বানিজ্যিক | ছাত্র |
|---|---|---|---|
| ২৫০ ঘন্টার জন্য | ৫,০০০/= | ২০,০০০/= | ৫০০/= |

## রেডিয়াস কোম্পানীর মেকিন্টোশ ক্লোন

মেকিন্টোশ ওএস ভিত্তিক Radius 81/110 নামের ক্লোন বাজারজাত করতে শুরু করেছে রেডিয়াস ইনক। এটি মেকিন্টোশ ক্লোন বাজারজাতকারী দ্বিতীয় কোম্পানী। তারা দাবী করেছে, তুলনামূলকভাবে কম দামের এ পণ্যটি ক্ষমতা ও দক্ষতায় পুরোপুরি পাওয়ার মেকিন্টোশ ৮১০০ এর সুবিধা প্রদান করে।

১১০ মেগাহার্টজ পাওয়ারপিসি ৬০১ চিপসমৃদ্ধ মেশিনটিতে রয়েছে একটি ২ গিগাবাইট হার্ড ডিস্ক ড্রাইভ, ১৬ মেগাবাইট ডির‍্যাম, বিলট-ইন-ইথার নেট, একটি কোয়াডস্পীড সিডিরম ড্রাইভ এবং তিনটি NuBus স্লট। এটি আনুমানিক ৪৮০০ ডলারের কমে এখন বাজরে পাওয়া যাচ্ছে। রেডিয়াস কোম্পানী



তাদের অন্যান্য পণ্যের দামও কমিয়েছে। একটি নতুন প্রেসভিউ ২১ ইঞ্চি মনিটর, এর জন্যে ভিডিও ভিশিন, স্টুডিও কার্ড ও ৭৩০ মেগাবাইট হার্ডডিস্ক সমৃদ্ধ রেডিয়াস ৮১/১১০ এর দাম ৩,৫০০ ডলার। ২ জিগাবাইট হার্ডডিস্ক হলে দাম পড়বে ৩,৮০০ ডলার। ▢

## এসসিও কোম্পানীর প্রধান নির্বাহী হলেন একজন ভারতীয়

বিশ্বখ্যাত ইউনিক্স অপারেটিং সিস্টেম প্রবর্তনকারী সান্তাক্রুজ অপারেশন ইনক (এসসিও) এর প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) পদে নিযুক্ত হলেন ভারতের চন্ডীগরের সন্তান অলোক মোহন। তিনিই প্রথম ভারতীয় ব্যক্তিত্ব যিনি কোম্পানীটির নতুন পণ্য এসসিও ওপেন সার্ভার বিশ্ববাজারে ব্যাপক সফলতায় বিস্তৃতি প্রদান, কোম্পানীর যাবতীয় আর্থিক মুনাফা বৃদ্ধিতে বিপুল ভূমিকা পালন করেন। তাঁর এই অবদানের স্বীকৃতি স্বরূপ উক্ত পদে নিযুক্তির ঘোষণা দেন সাবেক সিইও এবং বর্তমান বোর্ডের চেয়ারম্যান লারস টারনডাল। অলোক মোহন ১৯৯৪ এর জুনে এসসিও কোম্পানীতে সিনিয়র ভাইস প্রেসিডেন্ট ও প্রধান অর্থ কর্মকর্তা পদে যোগদান করেন। এর আগে তিনি এটিএন্ডটির গ্লোবাল ইনফরমেশন সিস্টেমে কর্মরত ছিলেন। ▢

## পেন্টিয়াম নোটবুক

হিউলেট প্যাকার্ড ডেস্কটপের সামগ্রিক সুবিধাসম্বলিত ৯০ মেগাহার্টজ পেন্টিয়াম, L2 ক্যাশ এবং পুরোপুরি পিসিআই বাস আর্কিটেকচারসমৃদ্ধ HP Omni Book 5000 নোটবুকে সিরিজ বাজারজাত করছে। ৬৪ মেগাবাইটে সম্প্রসারণযোগ্য ৮ কিংবা ১৬ মেগাবাইট র‍্যাম ১ জিগাবাইট হার্ডডিস্ক, ১৬ বিট সাউণ্ড ব্লাস্টার, ৮০০x৬০০ রেযুলুশনের ভিজিএ কিংবা এসভিজিএ ডিসপ্লে, উইণ্ডোজ '৯৫ চালনোর সুবিধা ইত্যাদি সম্বলিত Omini Book 5000 নোটবুক সিডিরম ড্রাইভও সংযুক্ত করা সম্ভব। এ ছাড়াও এইচপি লোকাল এরিয়া নেটওয়ার্ক, কিংবা অন্যান্য পেরিফেরালে প্রবেশের জন্য প্রয়োজনীয় সিস্টেমও প্রদান করছে নোট বুকগুলোর সাথে। ▢

## নতুন প্রজন্মের মোবাইল ফোন

সুইডিশ কোম্পানী এরিকসন সম্পূর্ণ নতুন প্রজন্মের ইউনিভার্সাল পার্সোনাল টেলিকমিউনিকেশণ বা ইউপিটি নামের মোবাইল ফোন উদ্ভাবনের দাবী করেছে। এই টেলিফোনটি এমন যার প্রতিটি গ্রাহক একটি করে নম্বর পাবেন এবং একজন গ্রাহক ইপ্সিত ব্যক্তির ইউটিপির নম্বরে ডায়াল করেই পৃথিবীর যে কোনো প্রান্তের, যে কোনো জায়গায় অবস্থিত উদ্দিষ্ট ব্যক্তির সাথে সরাসরি কথা বলতে পারবেন। গ্রাহকদের ব্যবহৃত প্রযুক্তির ধরণ-ধারণ ভিন্ন হলেও কোন অসুবিধা নেই। ইউটিপি নম্বর থাকলেই হলো। টেলেনর কোম্পানীর সাথে যৌথ উদ্যোগের প্রবর্তিত ইউটিপি সম্প্রতি নরওয়েতে পদযাত্রা শুরু করেছে। শীঘ্রই এটি বিশ্বব্যাপী ছড়িয়ে পড়বে। নরওয়ের বাস্তবায়ন কর্মকর্তাগণ ইউটিপি নম্বর বরাদ্দ শুরু করেছেন। নরওয়েতে প্রতিষ্ঠিত AXE-সুইচের মাধ্যমেই বিশ্বে ইউটিপি সংযোগ স্থাপিত হবে, ফোন চার্জও ইউটিপির একাউন্টে জমা হবে। টেলেনর জানিয়েছে, ফ্যাক্স, ডাটা এবং ভিডিও বিনিময়ের ব্যবস্থাও ভবিষ্যতে ইউটিপিতে সংযোজিত হবে। ▢

## প্রচুর ফীচারসমৃদ্ধ হালকা নোটবুক

হংকং-এর ইন্টারন্যাশনাল কমপিউটারস লিঃ প্রচলিত নোটবুক থেকে অন্ততঃ ৩০% ভাগ হালকা, কম শক্তি ব্যয়কারী অথচ বহুগুণ উন্নত ও অধিক ফীচারসমৃদ্ধ ইন্টেল SL-486DX2/50 প্রসেসরভিত্তিক নতুন নোটবুক Ergolite e50 বাজারে ছেড়েছে। ভিজিএ রঙীন পর্দা, রোলপয়েন্ট মাউস, একটি ২৬০ মে.বা. হার্ডডিস্ক ড্রাইভ এবং ৪ মে.বা. র‍্যাম বিশিষ্ট এই Ergolite e50 ইন্টারলিংক এবং এসআইআর ক্যাবল উভয়ের সাথেই সংযোগ স্থাপনে সক্ষম। উইন্ডোজ-৯৫ এর প্লাগ এন্ড প্লে বায়োস এবং অবলোহিত রশ্মির সাহায্যে রিমোট সংযোগ সহায়তা প্রদান করে এই হাল্কা নোটবুকটি। ▢

## বিশ্বের প্রধান প্রধান কমপিউটার ব্যবহারকারী দেশসমূহ

১৯৯৪ সাল নাগাদ বিশ্বের প্রধান প্রধান কমপিউটার ব্যবহারকারী দেশগুলোর নামের তালিকায় যুক্তরাষ্ট্র শীর্ষে অবস্থান করছে। সম্প্রতি বার্ষিক রেফারেন্স বই 'দি কমপিউটার ইন্ডাষ্ট্রি এলমানাক'-এ তথ্য প্রকাশিত হয়েছে। যুক্তরাষ্ট্রে কমপিউটার রয়েছে জাপান ও জার্মানীর তুলনায় যথাক্রমে ছয় ও সাত গুণ। ১ মিলিয়নের বেশী কমপিউটার ব্যবহৃত হচ্ছে এমন দেশের সংখ্যা ২২টি। ১৯৯৫ সাল নাগাদ অবশ্য আরো দুটি দেশ নরওয়ে এবং অষ্ট্রীয়া এই মিলিয়নের রেখা পার হচ্ছে। ১৯৯৪ সাল নাগাদ বিশ্বব্যাপী মোট কমপিউটারের সংখ্যা দাঁড়িয়েছে ২০৮ মিলিয়নে। এক বছর আগে এ পরিমাণ ছিল ১৭৩ মিলিয়নে। নিচের ছকে কয়েকটি দেশের প্রতি হাজার লোকের জন্য কমপিউটারের সংখ্যা দেখানো হয়েছে।

| দেশ | প্রতি হাজার লোকের জন্য কমপিউটার সংখ্যা |
|---|---|
| যুক্তরাষ্ট্র | ৩১৯ |
| অষ্ট্রেলিয়া | ২২৫ |
| কানাডা | ২২০ |
| নরওয়ে | ২১৮ |
| জার্মানী | ১৫১ |
| জাপান | ১১৭ |

সারা পৃথিবীর মোট জনসংখ্যার হিসেবে প্রতি এক হাজার লোকের জন্য কমপিউটার রয়েছে ৩৭টি। ▢

## এইচপি ছেড়েছে প্লেইন পেপার ফ্যাক্স মেশিন

এশিয়া-প্রশান্ত মহাসাগারীয় অঞ্চলে প্রথমবারের মতো হিউলেট প্যাকার্ড প্লেইন পেপার ফ্যাক্স মেশিন Fax-800 বাজারজাত করেছে। এইচপি জনপ্রিয় ডেস্কজেট প্রিন্টারের ইঙ্কজেট প্রযুক্তির কৌশলে এই ফ্যাক্স মেশিন প্রস্তুত করায় স্বাভাবিক ভাবেই ব্যয়ভার কমে যাওয়ায়। প্রচলিত থার্মাল প্রযুক্তির চেয়ে অধিক গ্রহণযোগ্য হবে পণ্যটির সাথে ৯৬০০ বাউড মোডেম থাকছে এবং এটি ১০ সেকেন্ডেই একটি ফ্যাক্স প্রেরণে সক্ষম। তদুপরি এটির ডিলে ডায়ালিং ফীচার রয়েছে যা স্বয়ংক্রিয়ভাবে ব্যস্ত সময় এড়িয়ে কম চার্জ পড়ে এমন সময়ে ডকুমেন্টকে ফ্যাক্স করে থাকে বলে ব্যবহারকারীর ফোন কলের ব্যয় কমে যাবে এইচপির অনুমোদিত ডিলার ও খুচরা বিক্রেতাদের মাধ্যমে পণ্যটি পাওয়া যাবে। ▢

## ডিজিটাল ইকুইপমেন্টসের উইন্ডোজ এনটি ওয়ার্কস্টেশন

ডিজিটাল ইকুইপমেন্টস কর্পোরেশন প্রচলিত পার্সোনাল কমপিউটার এবং বড় ধরণের বিপুল ক্ষমতাধর ওয়ার্কস্টেশনের মাঝামাঝি সম্পূর্ণ নতুন ধরনের এক 'পার্সোনাল ওয়ার্কস্টেশন' বাজারে নিয়ে এসছে। মাইক্রোসফট-এর উইন্ডোজ এনটি অপারেটিং সিস্টেমে চলে এরকম দ্বি-প্লাটফরম বিশিষ্ট এই নতুন মেশিনটিতে একাধারে রয়েছে অদল-বদল করে ব্যবহারযোগ্য ৩২ বিট ইন্টেল চিপ এবং ডিজিটালের নিজস্ব রিস্ক প্রযুক্তির ৬৪ বিটের আলফা চিপ। এই নতুন পরিবারের ইন্টেল ভিত্তিক Digital Celebris XL এর দাম রাখা হয়েছে ২,৬৩৯ ডলার থেকে ৬,০৪৭ ডলার পর্যন্ত এবং আলফা চিপ ভিত্তিক Alpha XL এর দাম নির্ধারিত রয়েছে ৩,৯৯৫ ডলার থেকে ৬,৮২৪ ডলার পর্যন্ত। এতে আলফা থেকে ইন্টেল কিংবা ইন্টেল থেকে আলফা চিপে উত্তরণও সহজ। কেবল মাত্র চিপ সমৃদ্ধ ডটার-কার্ড বদল করলেই হলো। উল্লেখ্য, ডিজিটাল ইকুইপমেন্ট কর্পোরেশন পিসি বাজারে ১১তম স্থানে এবং ওয়ার্কস্টেশন বাজারের ৫ম স্থানে ৮.৫% ভাগ দখলকারী। ▢

## কম্প্যাকের পেন্টিয়ামভিত্তিক নোটবুক

মডুলার ডিজাইনসমৃদ্ধ পেন্টিয়ামভিত্তিক নতুন নোটবুক পিসি বাজারে ছেড়েছে কম্প্যাক কমপিউটার কর্পো.। এতে ফ্লপি ড্রাইভ ও দুটি আট ঘন্টা চালানো যায় এমন ব্যাটারী ছাড়াও রয়েছে ২.৭ জিগাবাইট পর্যন্ত ডাটা ষ্টোরেজ ব্যবহার করা যায় এমন সিডিরম ড্রাইভ। ▢

## হার্ডড্রাইভের বাজার দখলে হিউন্দাই

কোরিয়ান হিউন্দাই ইলেক্ট্রনিক্স কোম্পানী হার্ড-ড্রাইভের বিশ্ববাজারে প্রথম স্থান দখলের প্রয়াসে আমেরিকার ম্যাক্সট কোম্পানীটির এশীয় অঞ্চলের সিংগাপুর, হংকং এবং থাইল্যান্ডে প্রতিষ্ঠিত প্লান্টগুলোকে কিনে নেয়ার কাজ সম্পন্ন করছে। ডেস্কটপ এবং বহনযোগ্য কমপিউটারের হার্ডডিস্ক প্রস্তুতকারী ম্যাক্সটরের এশীয় অংশ ১০০ মিলিয়ন ডলার মূল্যে কিনে হিউন্দাই এসব প্লান্টে ৭০০ মিলিয়ন থেকে ১ বিলিয়ন ডলার ব্যয় করবে যাতে করে ২০০০ সাল নাগাদ কেবল হার্ডড্রাইভ থেকে অন্ততঃ ৫ বিলিয়ন ডলার আয় করা যায়। আগামী বছরে ৪ মিলিয়ন হার্ডডিস্ক ড্রাইভ প্রস্তুতের পরিকল্পনা রয়েছে। ▢

## ভোটার আইডি কার্ড তৈরির জন্য বিশেষ সফটওয়্যার

কমপিউটারে বাংলা ইন্টারফেস লেখনীর উদ্ভাবনী প্রতিষ্ঠান কমপিউটার ভিলেজ সম্প্রতি লেখনী ইন্টারফেসের সাথে সংযুক্ত করেছে ইলেকটোরাল ম্যানেজমেন্ট সিষ্টেম" নামক বিশেষ প্রোগ্রাম। লেখনীর উদ্ভাবক গোলাম ফারুক আহমেদ জানিয়েছেন ভোটার আইডি কার্ড তৈরিতে ডাটা এন্ট্রির জন্য বিশেষভাবে তৈরি প্রোগ্রামটি ভোটার আইডি কার্ডের ছকে করা হয়েছে। এটি ব্যবহার করে অত্যন্ত সহজভাবে আইডি কার্ড ফরম পূরণ করা সম্ভব। তিনি আরো জানিয়েছেন, ভোটার আইডি কার্ড প্রণয়নকারী কোম্পানীসমূহের মধ্যে আশি শতাংশ কোম্পানীই এখন এই প্রোগ্রামটি ব্যবহার করছে। ভোটার আইডি কার্ড প্রণয়নে দেশে যত রকম তোলপাড় হয়েছে তার মধ্যে বিশেষ এই সফটওয়্যার তৈরির উদ্যোগ নিশ্চয়ই প্রশংসার দাবীদার। বিভিন্ন কমপিউটার কোম্পানী থেকে কমপিউটার জগৎ-কে জানানো হয়েছে ভোটার আইডি কার্ড-এর কাজ করারজন্য কমপিউটার ক্রয়ের জন্য যথেষ্ট সাড়া পড়েছে। □

## ১৯৯৭ সাল নাগাদ অন-লাইন সার্ভিস শিল্প ৩.৩ শত কোটি ডলারে পৌঁছে যাবে

বিশ্বব্যাপী অনলাইন সার্ভিস শিল্পের বর্তমান ২.৭ শত কোটি ডলারের বাজার বেড়ে ১৯৯৭ সাল নাগাদ ৩.৩ শত কোটি ডলারে পৌঁছে যাবে। এ ভবিষ্যৎবানী করেছে আমেরিকার ডাটাকোয়েস্ট বাজার গবেষণা প্রতিষ্ঠান। গ্রাহক প্রতি আয় কমে গেলেও কিংবা ব্যাপক ইন্টারনেটের ব্যবহার বৃদ্ধি পেলেও কেবল গ্রাহক সংখ্যার বৃদ্ধি অব্যাহত থাকবে বলেরই এই শিল্পের এত বিস্তৃতি ঘটবে। ১৯৯৪ সালে এ শিল্পের সার্ভিস গ্রহণকারীর সংখ্যা ছিলো ১২.৫ মিলিয়ন আর রাজস্ব আয় ছিলো ২.৪শত কোটি ডলার। ধারণা করা হচ্ছে, ১৯৯৫ ও ১৯৯৭ সালে গ্রাহক সংখ্যা বেড়ে যথাক্রমে ১৫.৭ মিলিয়ন ও ২৫.১ মিলিয়নে পৌঁছে যাবে। হিসেব কষলে দেখা যায় ১৯৯৪ থেকে ১৯৯৭ পর্যন্ত এ তিন বছরে গ্রাহক সংখ্যা বৃদ্ধির হার ১০০.৪% ভাগ এবং রাজস্ব আয় বৃদ্ধির হার ৩৭.৫%। গ্রাহক প্রতি বার্ষিক রাজস্ব আয় ১৯৯৪ সালে যেখানে ছিলো ১৭২ ডলার ১৯৯৭তে তা ১৩২ ডলারে দাঁড়াতে পারে। □

## নেটস্কেপ-এর ত্রুটি

ইন্টারনেটের জন্য নেটস্কেপ-এর জনপ্রিয় ন্যাভিগেটর সফটওয়্যারের নিরাপত্তায় ত্রুটি আবিষ্কৃত হয়েছে। নিরাপত্তা ব্যবস্থার ছিদ্র দিয়ে ভাইরাস ঢুকে আপনার কমপিউটার ক্রাশ করাতে পারে। সবচাইতে ভয়ের ব্যাপার হচ্ছে ইন্টারনেট-এর মাধ্যমে গ্রাহকের ক্রেডিট কার্ড নম্বর ও তথ্য একজন বুদ্ধিমান হ্যাকার সংগ্রহ করে অর্থ আত্মসাৎ করতে পারে। পূর্বে ভাবা হয়েছিল নেটস্কেপ এ অসুবিধা দূর করেছে। □

## নতুন গ্রাফিক্স ল্যাংগুয়েজ জাভা

সান মাইক্রো সিস্টেমের তৈরি জাভা নামে একটি নুতন প্রোগ্রামিং ল্যাংগুয়েজ শীঘ্রই আসছে। এটি ছাত্রদেরকে ও বিশ্ববিদ্যালয়গুলোকে বিতরণ করার চিন্তাভবনা করা হচ্ছে। এ প্রোগ্রামিং ল্যাংগুয়েজটির মূল সুবিধা হচ্ছে যে ইন্টারনেট ওয়েব অপারেটরের সাথে এটি বেশ ভাল কাজ করে। □

## পিসি সার্ভার নিয়ে HP শীর্ষস্থানে

এ বছর প্রথম কোয়ার্টারে এশিয়া-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে পিসি সার্ভার বিক্রিতে এইচপি শীর্ষে অবস্থান করছে। আইডিসি নামের বাজারজরীপকারী একটি প্রতিষ্ঠানের মতো এসময়ে এইচপি সার্ভারের ১৮.৭% ভাগ দখল করে প্রথম স্থানে রয়েছে। এর পরপরই অবস্থান করছে ১৭.০%, ৭.৩%, ৭.২% ৫.৯% ও ৪.২% ভাগ নিয়ে যথাক্রমে কম্প্যাক, এসার, ডিজিটাল আইবিএম এবং হিউন্দাই। অবশিষ্ট ৪০.২% ভাগ বাজার দখল করে আছে অন্যান্য কোম্পানীসমূহ। □

## ভিজুয়াল ফক্সপ্রো ৩.০

মাইক্রোসফটের ভিজুয়াল ফক্সপ্রো ৩.০ যন্ত্রটি বাজারে এসেছে। উন্নত মানের ক্লায়েন্ট/ সার্ভার টুথ-এর সুবিধাযুক্ত সফটওয়্যারটির দাম রাখা হয়েছে ১৯৯ ডলার। ১৫ মেগাবাইটের সফটওয়্যারটিতে কাজ করার জন্য ৮ মেগাবাইট র‍্যাম প্রয়োজন। এ নতুন ভার্সনটিতে লাইব্রেরী কার্টন সংযোজন করার ফলে এটি ডিজাইনের কাজে চমৎকার দক্ষতা দেখাবে। □

## সীগেট কোম্পানীর ৮জিগা, ৪ জিগা ও ২ জিগা হার্ডড্রাইভ

সিংগাপুরস্থ সীগেট টেকনোলজী ইন্টারন্যাশনাল ৭২০০ আরপিএম, ৩.৫ ইঞ্চির Barracuda সিরিজের হার্ডড্রাইভের ৮ জিগা, ৪ জিগা ও ২ জিগা বাইট ভার্শন বাজারে ছেড়েছে। ড্রাইভগুলোয় এমআর হেড, PRML



রীড চ্যানেল ইলেক্ট্রনিক্স ও ৪০ মেগা বিপিএস আলট্রা SCSI এবং ২০ মেগা বিপিএস ফাইবার চ্যানেল ইন্টারফেস সমন্বিত হয়েছে। এ ড্রাইভগুলোতে রয়েছে ৫১২ কিলো বাফার ক্যাশ। □

## ভূমি রেকর্ড ও ব্যবস্থাপনায় কমপিউটার নেটওয়ার্কিং

চলতি অর্থবছরেই গাজীপুরকে ভূমি রেকর্ড ও ব্যবস্থাপনার কমপিউটার নেটওয়ার্কের আওতায় আনা হবে। সম্প্রতি গাজীপুরে ধান গবেষণা ইনস্টিটিউটের এক রাজস্ব সম্মেলনে ভূমি-প্রতিমন্ত্রী এম কবির হোসেন একথা বলেন। তিনি জানান, ইতিমধ্যেই সবকটি বিভাগীয় শহরে ভূমি রেকর্ড ও ব্যবস্থাপনার জন্য কমপিউটার পদ্ধতি প্রবর্তিত হয়েছে। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিজ্ঞান ও প্রযুক্তি প্রতিমন্ত্রী এম এ মান্নান, ভূমি সচিব এ এইচ এম হাই এবং ঢাকার জেলা প্রশাসক নূরুজ্জামান মিয়া। □

## শোক সংবাদ

কমপিউটার জগৎ-এর সম্পাদনা উপদেষ্টা মোঃ আবদুল কাদেরের মাতা সেতারা বেগম বার্ধক্যজনিত কারণে গত ২২ সেপ্টেম্বর শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন (ইন্নালিল্লাহে.... রাজেউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৯০ বছর।

লালবাগ থানার নবাবগঞ্জ এলাকা নিবাসী সেতারা বেগম অত্যন্ত পরোপকারী সমাজসেবী ও দানশীল ব্যক্তিত্ব হিসেবে সকলের নিকট সুপরিচিত ছিলেন। তিনি মৃত্যুকালে ৩ ছেলে ২ মেয়ে, নাতি-নাতনি এবং অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

আমরা তাঁর রুহের মাগফেরাত কামনা করছি। □

## ইন্টেল এবার ওয়াশিংটনে

ক্যালিফোর্নিয়ার সান্তা ক্লারার বাইরে ইন্টেল কর্পোরেশন এবার ওয়াশিংটনের ডুপন্টে কারখানা এবং অফিস প্রতিষ্ঠার মহাপরিকল্পনা ঘোষণা করেছে। পরিকল্পনা অনুসারে এখানে আগামী জুনে পেন্টিয়াম কিংবা পরবর্তী উন্নত চিপ ও মাদার বোর্ড ও সিস্টেম উৎপাদন শুরু হচ্ছে। আগামী পাঁচ বছরে অন্ততঃ হাজার ছয়েক লোক এখানে নিয়োজিত হবে। প্রাথমিকভাবে ফ্যাক্টরী ও অফিস ভবন নির্ণয়ের ব্যয় একশ মিলিয়ন ডলারে পৌছে যাবে এবং পর্যায়ক্রমে কয়েক'শ মিলিয়ন ডলারে গোটা প্রকল্পটি সম্পন্ন হবে। শতকরা ৭০ ভাগ লোকই গবেষণা ও উন্নয়ন কাজে নিয়োজিত থাকলেও এই নতুন অবস্থানে কমপিউটার সিস্টেম উৎপাদনেই অধিক মনোযোগ প্রদান করবে ইন্টেল। পিসির চিপ তথা মাদার বোর্ড উৎপাদনকারী বিশ্বের নেতৃত্বপ্রদানকারী ইন্টেলের মাদারবোর্ডের চাহিদা এব ছর তিন গুণ বেড়ে ১২ মিলিয়ন ইউনিটে পৌঁছে আগামী বছর আরো এক ধাপ বেড়ে এ সংখ্যার দ্বিগুণে পৌছে যেতে পারে। □

## বিনে পয়সায় ইন্টারনেটে প্রবেশ করা যাবে না

এখন থেকে অগুনতি এপ্লিকেশন ও সুবিধায় ঠাসা তথ্য সুপারহাইওয়ে ইন্টারনেটে আর বিনে পয়সায় প্রবেশ করা যাবে না। আমেরিকার ন্যাশনাল সায়েন্স ফাউন্ডেশন ইন্টারনেটের সুবিধা ও ঠিকানা সরবরাহকারী প্রতিষ্ঠানগুলোকে সম্প্রতি জানিয়েছে তারা যে সব ডোমেইনগুলোকে ব্যবহারকারীদের জন্যে ইন্টারনেটে উন্মুক্ত করে দেয় সে সব প্রতিটি ডোমেইনের জন্য বছরে ৫০ ডলার করে ফী দিতে হবে। নির্ধারিত সময়ে ফী দিতে ব্যর্থ হলে ওই প্রতিষ্ঠানগুলোর ঠিকানা ও সংযোগ বিচ্ছিন হয়ে গেলে ব্যবহারকারী এদের মাধ্যমে ওসব ডোমেইনে প্রবেশ করতে পারবে না। □

## এটিএণ্ডটির কাঠামোয় পরিবর্তন

গত ২০ সেপ্টেম্বর বিশ্বখ্যাত আমেরিকার এটিএণ্ডটির চেয়ারম্যান রবার্ট অ্যালেন কোম্পানীর কাঠামোর ব্যাপক পুনর্বিন্যাসের ঘোষণা দিয়েছেন। এটিএণ্ডটি ঘোষিত নতুন বিন্যাসে তিনটি আলাদা স্বায়ত্বশাসিত কোম্পানী যথা– কমিউনিকেশন সার্ভিস, কমিউনিকেশন প্রোডাক্টস ও সিস্টেমস এবং কমপিউটার প্রভৃতিতে বিভক্ত হয়ে যাবে। ১৯৯৬ সাল নাগাদ এ কাঠামোর বাস্তবায়ন সম্পন্ন হবে। এর মধ্যে বর্তমান এটিএণ্ডটি প্রথমটি অর্থাৎ কেবল কমিউনিকেশন সার্ভিস শিল্পটিই দেখাশোনা করবে। বর্তমান গ্লোবাল ইনফরমেশন সলিউশন (জিআইএস) পরবর্তীতে সম্ভবত এনসিআর নামে একটি কমপিউটার কোম্পানীতে রূপান্তরিত হবে। □

